

2023/TDC(CBCS)/ODD/SEM/
BNGDSE-501T/366

TDC (CBCS) Odd Semester Exam., 2023

BENGALI

(5th Semester)

Course No. : BNGDSE-501T

(বাংলা শিশুসাহিত্য ও জীবনী সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে কুড়িটা প্রশ্নের উত্তর
দাও : $1 \times 20 = 20$

UNIT—I

- ১। 'শিশু ভোলানাথ' কাব্যগ্রন্থে মোট কয়টি কবিতা আছে?
- ২। "ধীরে ধীরে পৌঁছয় সে/সকল বারের পরে"—এখানে কোন্ বারের কথা বলা হয়েছে?
- ৩। 'খেলাভোলা' কবিতাটি কোন্ সাময়িকপত্রে প্রকাশিত হয়?
- ৪। 'বাউল' কবিতায় বাউল কী নিয়ে সুর লাগিয়ে নাচে?
- ৫। 'রাজমিস্ত্রি' কবিতায় রাজমিস্ত্রির বয়স কত?

UNIT—II

- ৬। সুবু আর দুধু এই দুই কন্যার পিতার পেশা কী ছিল?
- ৭। 'কিরণমালা' গল্পটি 'ঠাকুরমার ঝুলি'-র কোন্ খণ্ডের অন্তর্গত?
- ৮। 'কাঁকনমালা কাঞ্চনমালা' গল্পে রাজা তার রাখাল বন্ধুকে কী তৈরি করিয়ে দিয়েছিলেন?
- ৯। 'সাত ভাই চম্পা' গল্পে মালিকে দেখে পারুল ফুল কী বলেছিল?
- ১০। 'শীত বসন্ত' গল্পে সোনার মাছগুলো আসলে কারা?

UNIT—III

- ১১। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর পিতৃদত্ত নাম কী ছিল?
- ১২। বাংলা সাহিত্যে 'শিশুসাহিত্য' শব্দটি প্রথম কে ব্যবহার করেন?
- ১৩। 'টুনটুনি আর রাজার কথা' গল্পে রাজা রোদে কী শুকোতে দিয়েছিলেন?
- ১৪। 'পিপড়ে আর হাতি আর বামনের চাকর' গল্পে কতজন লোক হাতিকে টেনেছিল?
- ১৫। 'বাঘ থেকে শিয়ালের ছানা' গল্পে শিয়ালের কয়টি ছানা ছিল?

UNIT—IV

- ১৬। ঈশ্বরচন্দ্রের পূর্বপুরুষদের পেশা কী ছিল?
- ১৭। বীরসিংহ গ্রামের পাঠশালা পরিচালনা কে করতেন?
- ১৮। ঈশ্বরচন্দ্রকে কলকাতার কোন্ প্রাইমারি স্কুলে ভর্তি করা হয়েছিল?
- ১৯। কার পরামর্শক্রমে ঈশ্বরচন্দ্রকে নূতন সংস্কৃত কলেজে ভর্তি করা হয়?

- ২০। 'সীতার বনবাস' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে রচিত?

UNIT—V

- ২১। বারওয়েল সাহেব কে ছিলেন?
- ২২। স্বামী বিবেকানন্দের জন্মভিটে কোথায়?
- ২৩। নরেন্দ্রনাথ দত্তের প্রপিতামহের নাম কী?
- ২৪। স্বামী বিবেকানন্দের মাতামহীর নাম কী?

- ২৫। স্বামী বিবেকানন্দের শিষ্য নিবেদিতার পূর্ব নাম কী?

(4)

SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের
উত্তর দাও : $2 \times 5 = 10$

UNIT—I

- ২৬। ‘শিশু ভোলানাথ’ কাব্যগ্রন্থের প্রথম কবিতাটির নাম কী? এটি
রবীন্দ্রনাথের কোন পর্বের রচনা?
- ২৭। ভোলানাথ বলতে ‘শিশু ভোলানাথ’ কাব্যে কাকে বোঝানো
হয়েছে? কবি তার কাছে কী চাইছেন?

UNIT—II

- ২৮। কিরণমালার দুই ভাইয়ের নাম কী?
- ২৯। ‘ঠাকুরমার ঝুলি’-র মোট গল্পসংখ্যা কত? এতে মোট কয়টি
চিত্র সংকলিত হয়েছে?

UNIT—III

- ৩০। “সাতদিনে সাতজনকে পড়িয়ে পণ্ডিত করে দেব।” কে কাকে
এই মন্তব্যটি করেছিল?
- ৩১। জোলা কিসের জন্য ক’ টাকা নিয়ে হাটে গিয়েছিল?

UNIT—IV

- ৩২। ঈশ্বরচন্দ্র কোন দুটি ব্যবসায়িক প্রতিষ্ঠান শুরু করেন?

24J/365

(Continued)

(5)

- ৩৩। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কবে সংস্কৃত কলেজে পাশ্চাত্য গণিতের
পাঠ্যসূচির প্রবর্তন করেন? সেই সময় বেনারস সংস্কৃত
কলেজের অধ্যক্ষ কে ছিলেন?

UNIT—V

- ৩৪। স্বামীজির পারিবারিক বিপর্যয়কালে তাঁর কোন দুই গুরুভ্রাতা
নিঃশব্দে সেবা ও সমর্থন জুগিয়েছিলেন?
- ৩৫। স্বামী বিবেকানন্দ কবে কোথা থেকে শেষবারের মতো পশ্চিমে
যাত্রা করেন?

SECTION—C

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের
উত্তর দাও : $8 \times 5 = 40$

UNIT—I

- ৩৬। ‘তালগাছ’ কবিতার মাধ্যমে রবীন্দ্রনাথ কী সারসত্য বোঝাতে
চেয়েছেন, আলোচনা করো।
- ৩৭। “কল্পনাপ্রিয় শিশু মাঝে মাঝে খেলা ভুলে কল্পনার জগতে
বিচরণ করে।” ‘খেলাভোলা’ কবিতাটি অবলম্বনে এই বক্তব্যের
যথার্থতা ব্যাখ্যা করো।

24J/365

(Turn Over)

UNIT—II

- ৩৮। তোমার পঠিত 'সুখু আর দুখু' গল্পে সমাজ বাস্তবতার কোন দিকটি ফুটে উঠেছে, আলোচনা করো।
- ৩৯। সময়ের সাথে সাথে রাজপুত্রের বন্ধুত্বের অঙ্গীকার বিস্মৃত হওয়া কীভাবে রাজ্যে বিপদ ডেকে আনে এবং সেই বিপদ কীভাবে কেটে যায় তা 'কাঁকনমালা কাঞ্চনমালা' গল্পে অবলম্বনে আলোচনা করো।

UNIT—III

- ৪০। "পর্যায়ক্রমিকভাবে ঘটে যাওয়া সমস্ত কাহিনীর কেন্দ্রবিন্দু উকুনে বুড়ি।" "উকুনে বুড়ির কথা" গল্পে অবলম্বনে আলোচনা করো।
- ৪১। "উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর 'টুনটুনির বই'-তে দেখা যায় ক্ষুদ্র-শক্তিই বারবার জয়লাভ করেছে।" তোমার পঠিত যে কোনো একটি গল্পে অবলম্বনে এই ক্ষুদ্রশক্তির জয় কীভাবে ঘটেছে, দেখাও।

UNIT—IV

- ৪২। কর্মক্ষেত্রে বিদ্যাসাগরের যে তেজস্বী ও আপোসহীন মানসিকতা ফুটে উঠেছে তা বর্ণনা করো।
- ৪৩। "তখন তাঁকে তার পরিবর্তে কিছু দেওয়ার জন্য বিদ্যাসাগর এক ফন্দি আঁটলেন।" প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

UNIT—V

- ৪৪। 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থের 'সন্ন্যাসী ও গর্ভধারিণী' অধ্যায়টিতে বিবেকানন্দ-জননী ভুবনেশ্বরী দেবীর সংগ্রামময় জীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।
- ৪৫। শংকরের 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থের 'সন্ন্যাসী ও গর্ভধারিণী' পাঠ অবলম্বনে জমি বিবাদে ব্যতিব্যস্ত মা-কে বিবেকানন্দ কীভাবে সাহায্য করেছিলেন, সে সম্পর্কে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো।
